

## সংক্ষিপ্তসার

বিশ শতকের সাতের দশক রাজনৈতিক দিক থেকে নানাভাবে গুরুত্বপূর্ণ। এই দশকে দেখা গেছে প্রতিহিংসার রাজনীতি, একাধিক গণ-আন্দোলন, সামাজিক জীবনে বিপর্যয়, ক্ষমতা দখলের উন্মত্ত লড়াই, সমাজতন্ত্র নিয়ে বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা, কমিউনিস্ট পার্টিগুলির মধ্যে পারস্পরিক মতবিরোধ ইত্যাদি। এককথায় রাজনৈতিক দিক থেকে যতরকম জটিলতার সৃষ্টি হতে পারে তা এই দশকে প্রকট হয়ে ওঠে। কেবল রাজনৈতিক জটিলতা ও প্রতিহিংসার মধ্যেই এই দশক শেষ হয়নি, সেইসঙ্গে তা কাটিয়ে ওঠার জন্য মানুষকে সংগ্রাম করতেও দেখা গেছে। তারা প্রতিরোধ গড়ে তুলেছে প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে। সরকারমই প্রতিরোধের একটি ধারা নাটকের মধ্যেও প্রবাহিত হয়েছে। সময়ের এই জটিল রাজনীতির মধ্যে দাঁড়িয়ে নাটককাররা নিজেদের দায়িত্ব ভুলে যাননি। যেখানে ও যখনই কোনো নিষ্পেষণ হতে দেখা গেছে তখনই তারা নিজেদের সৃষ্টির মধ্যে দিয়ে তার প্রতিবাদ করেছেন। ফলে গোটা দশক জুড়ে বিশৃঙ্খল রাজনৈতিক পরিস্থিতির মধ্যে একাধিক রাজনীতি সম্বলিত নাটক রচনা ও পরিচালনা করে মানুষকে রাজনীতি সচেতন করেছেন, প্রতিবাদমুখর করেছেন, শাসকের স্বৈরাচারিতা ও খামখেয়ালিপনার প্রতিবাদ করতে শিখিয়েছেন। আমাদের সম্পূর্ণ গবেষণা অভিসন্দর্ভটি প্রস্তাবনা ও উপসংহার বাদে মোট ছয়টি অধ্যায়ে বিভক্ত। প্রস্তাবনা অংশে পূর্ববর্তী গবেষণার পর্যালোচনা করে আমাদের গবেষণার অভিমুখ ব্যক্ত হয়েছে। আমাদের গবেষণার প্রথম অধ্যায় 'বাংলা রাজনৈতিক নাটকের ইতিহাস : উদ্ভব থেকে বিশ শতকের ছয়ের দশক'—ঐতিহ্য ও উত্তরাধিকারের প্রশ্নে নির্মিত। এখানে রাজনৈতিক নাটকের স্বরূপ বিশ্লেষণ করে সাতের দশকের পূর্বে রচিত বাংলা রাজনৈতিক নাটকের ইতিহাস আলোচিত হয়েছে। যে আলোচনা রাজনৈতিক পটভূমির বিশ্লেষণের মধ্য দিয়ে সম্পূর্ণতা পেয়েছে। 'সাতের দশকের রাজনৈতিক পটভূমি' শিরোনামের দ্বিতীয় অধ্যায়টি দুটি পরিচ্ছেদে বিভক্ত। প্রথম পরিচ্ছেদ 'কেন্দ্রীয় রাজনীতির প্রেক্ষিত'-এ সাতের দশকের ভারতবর্ষের রাজনৈতিক অভিঘাতগুলি আলোচিত এবং দ্বিতীয় পরিচ্ছেদ 'রাজ্যের (পশ্চিমবঙ্গ) রাজনৈতিক প্রেক্ষিত'-এ পশ্চিমবঙ্গের রাজনৈতিক জটিলতা তুলে ধরা হয়েছে। গবেষণার তৃতীয় অধ্যায় 'পশ্চিমবঙ্গের নাটকে বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রতিফলন'। ১৯৭১-এর বাংলাদেশের মুক্তিযুদ্ধের অভিঘাত পশ্চিমবঙ্গের নাটককারদের উপর কীভাবে পড়েছিল তা আলোচিত হয়েছে এই অধ্যায়টিতে। নকশাল আন্দোলন ছিল সাতের দশকের পশ্চিমবঙ্গ তথা ভারতের রাজনীতিতে সব থেকে বড় আলোড়ন। এই আন্দোলনকে কেন্দ্র

করে বহু নাটক রচিত ও পরিচালিত হয়েছে। সেইসব নাটকগুলি থেকে কিছু নাটক নির্বাচিত করে তৎকালীন নাটককারদের কাছে নকশাল আন্দোলনের স্বরূপটি কেমন ছিল তার পরিচয় চতুর্থ অধ্যায় ‘নকশাল আন্দোলনের পটভূমিতে রচিত বাংলা নাটক’-এ লিপিবদ্ধ। আমাদের গবেষণার পঞ্চম অধ্যায় ‘সাতের দশকের রাজনৈতিক সন্ত্রাসের চিত্র বাংলা নাটকে’। বহুমুখী রাজনৈতিক লাইনকে কেন্দ্র করে এই দশকে যে সন্ত্রাসের বাতাবরণ সামাজিক জীবনে তৈরি হয়েছিল তার বিভিন্ন দিক যেসব নাটকে চিত্রিত হয়েছে, সেইসব নাটকের রাজনৈতিক অবস্থানই বা কী—সেই বিষয় এখানে আলোচিত। সাতের দশকের রাজনৈতিক পটভূমিতে সর্বোচ্চ শিখর ছিল জরুরি অবস্থা। গণতন্ত্রের অপলাপ, স্বেচ্ছাচারিতার নগ্নরূপ সাধারণ মানুষের মৌলিক অধিকার কেড়ে নেয়। তারপরেও সেসময়ের কিছু নাটককার এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন। তাদের সেই রাজনৈতিক ভূমিকা তুলে ধরা হয়েছে ষষ্ঠ অধ্যায় ‘বাংলা নাটকে জাতীয় জরুরি অবস্থার পটভূমি’-তে। ‘উপসংহার’-এ সমগ্র গবেষণার সামগ্রিক মূল্যায়ন উঠে এসেছে। গবেষণার শেষে দেওয়া হয়েছে গ্রন্থপঞ্জি—এখানে আমাদের গবেষণায় ব্যবহৃত যাবতীয় গ্রন্থ, পত্রপত্রিকা, আন্তর্জালিক মাধ্যমের একটি তালিকা যুক্ত হয়েছে।